



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

20 SEPTEMBER 2024

7:35 AM IST

=====

রাজ্যে মহিলাদের সবলীকরণের উদ্দেশ্যে গতকাল অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে। মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা দিসপুর জনতা ভবন থেকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের সূচনা করে বলেন যে রাজ্যের ৩৭ লক্ষ পরিবারের প্রতিমাসে এক হাজার ২৫০ টাকা করে সাহায্য লাভ করার বিষয়টি নিশ্চিত করতে ১২৬ টি বিধানসভা কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ের হিতাধিকারী বাছাই প্রক্রিয়া শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী আগামী কয়েক সপ্তাহের মধ্যে এই প্রকল্পের অধীনে ১২ লক্ষ হিতাধিকারীর নাম অন্তর্ভুক্ত করা হবে বলে উল্লেখ করেন। এই প্রকল্পের জন্য বিধবা, ৪৫ বছরের উর্দ্ধের অবিবাহিতা, বিবাহ বিচ্ছেদ এবং একা মহিলা সহ তৃতীয় লিঙ্গ, দিব্যাঙ্গ, সরকারী পঞ্জীয়নভুক্ত বৃদ্ধাশ্রমে থাকা মহিলা তথা বয়োজ্যেষ্ঠ বা রুগ্ন মহিলা, আশ্রয়হীন পরিবারের মহিলা, অস্তোদয় অন্ন যোজনার মহিলা হিতাধিকারী, বার্ষিক উপার্জন ২ লক্ষ টাকারও কম পরিবারের মহিলা, এইচ আই ভি, খেলাসেমিয়া রোগে আক্রান্ত রোগী থাকা পরিবারের মহিলারা আবেদন করতে পারবেন।

এদিকে রাজ্যে গতকাল থেকে পুনরায় ১৯ লক্ষেরও অধিক লোককে রেশন কার্ড প্রদানের ব্যবস্থা করা হয়েছে। মুখ্যমন্ত্রী ড.শর্মা ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে এই

অনুষ্ঠানের উদ্বোধন করেন । এ উপলক্ষে পাঠশালায় আয়োজিত অনুষ্ঠানে খাদ্য ,গন বন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস আনুষ্ঠানিকভাবে হিতাধিকারীদের রেশন কার্ড বিতরণ করেন । বিভাগীয় মন্ত্রী শ্রী দাস বলেন যে ৫৫ লক্ষেরও অধিক ভূয়ো রেশন কার্ড বাতিল করা বর্তমান রাজ্য সরকারের উল্লেখযোগ্য সফলতা । বিগত সময়ে ৪২ লক্ষেরও অধিক প্রকৃত হিতাধিকারীকে রেশন কার্ড প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে শ্রী দাস বলেন যে পরবর্তী মন্ত্রিসভায় ১৯ লক্ষ ৯২ হাজার ১৬৭ জন হিতাধিকারীকে রেশন কার্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

গ্রাম পঞ্চায়েত সীমা পুনর্নির্ধারণ খসড়া তালিকা প্রকাশ সম্পর্কে রাজনৈতিক দলগুলির মতামত জানতে গতকাল হাইলাকান্দিতে এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই সভায় জেলার তিন বিধায়ক সহ বিভিন্ন রাজনৈতিক দলের কর্মকর্তারা অংশগ্রহণ করেন । ডিলিমিটেশন কমিশনের সদস্য সচিব জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক রঞ্জিত কুমার লস্করের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বিভিন্ন পরামর্শ তুলে ধরা হয় । খসড়ায় জনসাদারণের দাবী ও আপত্তি আজ বিকেল ৪ টার মধ্যে জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিকের কার্যালয়ে জমা দেওয়া যাবে । দাবী ও আপত্তির শুনানী আগামী ২৩,২৪ ও ২৫শে সেপ্টেম্বর দুজন অতিরিক্ত আয়ুক্ত গ্রহণ করবেন । হাইলাকান্দি বিধানসভা এলাকার দাবী ও আপত্তিগুলি অতিরিক্ত আয়ুক্ত রঞ্জিম বরুয়া এবং আলগাপুর-কাটলীছড়া বিধানসভা এলাকার দাবী আপত্তিগুলি অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা দেখবেন বলে সভায় সদস্য সচিব শ্রী লস্কর জানান ।

করিমগঞ্জ জেলার আয়ুক্ত মৃদুল যাদবকে কাছাড় জেলায় বদলি করার পরিপ্রেক্ষিতে গতকাল বিকেলে করিমগঞ্জের জেলা আয়ুক্তের কার্যালয়ে এক বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুংয়ের

পৌরহিত্যে আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে জেলা আয়ুক্ত কার্যালয়ের কর্মীদের পক্ষ থেকে বিভিন্ন বক্তা বিদায়ী জেলা আয়ুক্ত মৃদুল যাদবের কর্মনিষ্ঠা, সততা এবং সকলের প্রতি অমায়িক আচরণের প্রশংসা করে বক্তব্য রাখেন। উল্লেখ্য- জেলা আয়ুক্ত শ্রী যাদব ২০২১ সালের নভেম্বর মাস থেকে করিমগঞ্জে দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। এই অনুষ্ঠানে কাছাড় জেলার লক্ষ্মীপুর উপ-জেলায় বদলি হয়ে আসা করিমগঞ্জের অতিরিক্ত আয়ুক্ত ধুবজ্যোতি পাঠককেও সম্বর্ধনা জানানো হয়।

করিমগঞ্জ জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে গ্রাম পঞ্চায়েতের প্রকাশিত খসড়া তালিকা সম্পর্কে আগামী ২৩, ২৪ ও ২৫শে সেপ্টেম্বর কার্যালয় চলাকালীন সময়ে দাবী-আপত্তি ও অভিযোগ গ্রহন করা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে ১২৩ নম্বর উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের শুনানী অতিরিক্ত আয়ুক্ত উদয় শংকর দত্তের কক্ষে, ১২৪ নম্বর দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের গণ শুনানী অতিরিক্ত আয়ুক্ত আনিস রসুল মজুমদারের কক্ষে, ১২৫ নম্বর পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের গণশুনানী অতিরিক্ত আয়ুক্ত মিনাভা দেবী আরম্বামের কক্ষে এবং ১২৬ নম্বর রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রে অতিরিক্ত আয়ুক্ত ধুবজ্যোতি দেবের কক্ষে অনুষ্ঠিত হবে।

করিমগঞ্জ জেলার পূর্ত বিভাগের সড়ক ডিভিশন শাখার সহকারী কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার বি বি রোড থেকে হাসানপুর রাঙ্গাপাড়া রোডের শূন্য থেকে আটশ মিটার অংশে সড়কের উন্নয়নমূলক কাজের জন্য ঐই সড়ক দিয়ে আগামী দশ দিন সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে। বিজ্ঞপ্তিতে

বলা হয়েছে এই সময়সীমায় জনগনকে মালুয়া-শ্রীগৌরী সড়ক ভায়া হাসানপুর-
রাঙ্গাপাড়া বিকল্প সড়ক ব্যবহার করতে বলা হয়েছে ।

ভারতীয় জাতীয় কংগ্রেসের হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে তাদের বিভিন্ন
দাবীর সর্মথনে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সামনে বিক্ষোভ কার্যসূচী
পালন করা হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে অনলাইন ট্রেডিং কেলেংকারী ও স্মার্ট
বৈদ্যুতিন মিটার বাতিলের দাবীতে জেলা কংগ্রেস সভাপতি সামসুদ্দিন বরলস্কর সহ
জেলা কংগ্রেসের শীর্ষ নেতারা বক্তব্য রাখেন । পরে তাদের দাবীর সর্মথনে
রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্যের উদ্দেশ্যে একটি স্মারক পত্র পাঠানো হয়েছে ।
